

বার্মিংহাম  
রিজিলিয়েন্স গ্রুপ

বার্মিংহামে জরুরী অবস্থাসমূহ  
মোকাবিলা করার জন্য প্রস্তুতি গ্রহণ  
কমিউনিটিসমূহ এবং ব্যক্তিগতভাবে লোকদের জন্য একটি ব্যবহারিক নির্দেশনা

বার্মিংহাম রেজিলিয়েন্স টিম কর্তৃক প্রস্তুত করা হয়েছে



WEST MIDLANDS FIRE SERVICE



NHS



## যত্ন নেয়ার ব্যাপারে আমাদের দায়িত্ব

যেকোন সময়ে বিভিন্ন ধরনের জরুরী অবস্থা ঘটতেই পারে এবং ঘটেও থাকে। আমরা প্রায়ই মনে করি জরুরী অবস্থাসমূহ ছুরে কোথাও ঘটবে। এটা হয়ত সত্য যে, এখানে বার্মিংহামে আমাদেরকে আগ্নেয়গিরি বা প্রচলিত ঘূর্ণিঝড় বা হারিকেনের তাড়বের শিকার হতে হবে না। কিন্তু এছাড়াও আরো বড় বড় জরুরী অবস্থা রয়েছে যেগুলো আমাদের জীবন, পরিবেশ এবং আর্থিক কর্মকাণ্ডকে এত মারাত্মকভাবে বিপর্যস্ত করে তোলে যা আপনি হয়ত কল্পনাও করেন নাই।

অতি সম্প্রতি আমরা দেখিছি যে, ৪০ হাজার বার্মিংহামবাসী ২৪ ঘণ্টা পর্যন্ত বিদ্যুৎহীন অবস্থায় কাটায়েছেন; লজেলস্ এ আমরা দেখিছি নাগরিকদের মধ্যে একটি উত্তেজনার পরিস্থিতি; কিংস্ হিথ, মোজলী এবং স্পার্কব্রকের একটি ব্যাপক অংশ ঘূর্ণিঝড়ে (টর্নেডো) ক্ষতিগ্রস্ত হওয়া; সিটি সেন্টারের একটি ব্যাপক অংশ থেকে লোকজনদেরকে সরিয়ে নেয়া; শিল্পকারখানা এবং যানবাহনের দুর্ঘটনার কারণে আবাসিক এলাকা থেকে লোকজনদের অপসারণ; এবং আতঙ্কবাজ সন্দেহে লোকজনদেরকে গ্রেফতার করা। গত দু'বছর বার্মিংহামে বন্যায় প্লাবিত হবার সমস্যা দেখা গেছে। শত শত ঘরবাড়ী ছাড়াও রাস্তা-ঘাট এবং রেলওয়ে লাইনস্ এতে ক্ষতিগ্রস্ত হয়েছে। টেইম, কোওল এবং রী এর সব কয়টি নদীই প্লাবিত হয়ে এর আশে-পাশের এলাকাকে ক্ষতিগ্রস্ত করেছে, সবচেয়ে মারাত্মক ক্ষতি হয়েছে এমনসব স্থানের মধ্যে রয়েছে উইটন, স্পার্কহিল্ এবং সেলী পার্ক। এ ছাড়াও বেশ কয়েক বছর থেকে অতি বৃষ্টিপাতের কারণে রাস্তা ঘাট প্লাবিত হয়ে অনেক এলাকাতে ক্ষয়-ক্ষতি করতে আমরা দেখিছি।

জলবায়ুর পরিবর্তনের কারণে এসব সমস্যা ঘুরে ফিরে আসবে।

সুতরাং বড় ধরনের কোন জরুরী অবস্থা আপনার এলাকাতে ঘটবে না এটা চিন্তা না করে, একটি জরুরী অবস্থায় পড়লে আপনাকে কি করতে হবে তা সঠিকভাবে জেনে রাখা আপনার জন্য অনেক বেশী ভাল।

আপনি বাড়ীতে থাকুন আর কর্মক্ষেত্রে থাকুন কিংবা আপনি ভিজিটে বা হলিডেতে থাকুন যাই হউক না কেন, এখানে যে পরামর্শগুলো দেয়া হয়েছে তা আপনার, আপনার পরিবার-পরিজন এবং বন্ধু-বান্ধবদের জন্য প্রযোজ্য হবে। এটা কাউকে ভয় লাগানোর জন্য প্রস্তুত করা হয় নাই, বরঞ্চ আপনার এলাকাতে কোন অপ্রত্যাশিত ঘটনা বা জরুরী অবস্থা ঘটে গেলে আপনি যাতে পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে নেয়ার জন্য একটি পরিকল্পনা মাফিক কাজ-কর্ম করতে পারেন তা নিশ্চিত করার জন্য এটা করা হয়েছে।

কাউন্সিলার পল টিলসলী  
ডিপুটি লীডার  
বার্মিংহাম সিটি কাউন্সিল

# সূচীপত্র

অগ্রিম প্রস্তুতি	03
জরুরী অবস্থা মোকাবিলার জন্য আপনার নিজস্ব পরিকল্পনাসমূহের প্রস্তুতি	07
একটি জরুরী অবস্থাতে	09
জরুরী অবস্থাতে খাপ খাইয়ে চলা	12
ইমার্জেন্সী সার্ভিসেস্ এবং সিটি কাউন্সিলের ভূমিকা	14
সাধারণ নিরাপত্তাজনিত ব্যবস্থা	16
তথ্য পাওয়ার অন্যান্য উপকারী উৎসসমূহ	19



## দয়া করে খেয়াল রাখবেন:

এই তথ্যপত্রটি বেশ কয়েকটি কমিউনিটি সংস্থার সহযোগিতায় প্রস্তুত করা হয়েছে, যাতে অন্তর্ভুক্ত রয়েছে এ্যাকসেস্ ফর বার্মিংহাম এবং নেবারহুড ফোরামস্। প্রতি দু'বছর অন্তর অন্তর এই তথ্যপত্রটি পরীক্ষা-নিরীক্ষা (রিভিউ) করা হবে।

যাহউক, এই তথ্যপত্রকে আরও উন্নত করার বিষয়ে আপনার কোন মন্তব্য থাকলে দয়া করে 'বার্মিংহাম রিজিলিয়েন্স টিম' এর সঙ্গে 0121 303 4825 নম্বরে ফোনে বা [info@birminghamprepared.gov.uk](mailto:info@birminghamprepared.gov.uk) এই ঠিকানায় ই-মেইল করে যোগাযোগ করুন।



## অগ্রিম প্রস্তুতি

### নিজে নিজেকে সাহায্য করার জন্য আপনাকে সাহায্য করা

জরুরী অবস্থাসমূহ সাধারণতঃ কোনভাবে সতর্ক করা ছাড়াই এবং নানাভাবে দেখা দেয়। এর কারণে বিভিন্ন মৌলিক সার্ভিস যেমন: পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহ বা টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন হয়ে যেতে পারে। আপনি কি জানেন যে, সাম্প্রতিক মারাত্মক আবহাওয়ার বিপর্যয়ের সময়ে মোবাইল ফোনসমূহে এত বেশী ওভারলোড হয়েছিল যে, পরিবারের সদস্য এবং বন্ধু-বান্ধবদের সঙ্গে যোগাযোগ করা অসম্ভব হয়ে পড়েছিল। আপনার প্রপার্টির ক্ষয়-ক্ষতি হতে পারে বা ক্ষয়-ক্ষতি হবার ছমকির সম্মুখীন হতে পারে যেমন: যদি কোন বন্যা, অগ্নিকাণ্ড বা বিস্পোরন দেখা দেয়। এর অর্থ এমনও হতে পারে যে, আপনাকে ঘর ছেড়ে যেতে হতে পারে, এমনকি আপনার পাড়ার সবাইকেও সরে যেতে হতে পারে। এমনও হতে পারে যে, আপনার পরিবারের লোকজনের একে অন্যের সঙ্গে একত্রে থাকা বা সংযোগ রক্ষা করা কষ্টকর হয়ে পড়েছে।

জরুরী অবস্থাতে আপনি আগাম প্রস্তুত থাকলে এবং পরিবার-পরিজন, বন্ধু-বান্ধব এবং প্রতিবেশীদের সঙ্গে একত্রে কাজ করলে অবস্থার সঙ্গে অপেক্ষাকৃত ভালভাবে মানিয়ে চলতে পারবেন।

আপনি যা করতে পারেন:

- কিছু জরুরী সরবরাহ যেন সব সময় আপনার কাছে মজুদ থাকে তা নিশ্চিত করবেন।
- আপনি যেন জরুরী অবস্থার জন্য তথ্যাদি সঙ্গে রাখেন তা নিশ্চিত করবেন।
- জরুরী অবস্থার জন্য আপনার নিজস্ব একটি সহজ পরিকল্পনা প্রস্তুত করবেন।

### জরুরী পরিস্থিতিসমূহের জন্য প্রয়োজনীয় জিনিষপত্র

জরুরী অবস্থা যেকোন সময়ে যেকোন স্থানে ঘটতে পারে এবং আপনি প্রতিটি ভিন্ন ভিন্ন জরুরী অবস্থাতে বিভিন্ন ধরনের সরবরাহ ব্যবস্থা রাখতে চাইতে পারেন। আপনি হয়তবা আপনার বাড়ীতে থাকতে পারেন, আপনার বাড়ীটি ছেড়ে অন্যত্র চলে যেতে হতে পারে, এমনও হতে পারে আপনি গাড়ীতে থাকতে পারেন ইত্যাদি।

## আপনার বাড়ীতে

আপনার বাড়ীতে পরিবারের সকলের কম পক্ষে তিন দিনের চাহিদা মিটানোর জন্য প্রয়োজনীয় সরবরাহ মজুদ রাখবেন। এগুলোর মধ্যে নিম্নোক্তগুলো অন্তর্ভুক্ত থাকা উচিত হবে:

- টর্চ এবং কিছু অতিরিক্ত ব্যাটারী
- ক্যাবল/স্লিপিং ব্যাগ
- ক্যাম্পিং স্টোভ
- বোতল ভরা পানি
- মোমবাতি/হ্যারিকেন
- লং-লাইফ ফুড (যেসব খাবার দীর্ঘ দিন ধরে ভাল থাকে)
- শিশুদের খাদ্য এবং আনুষঙ্গিক বিভিন্ন আইটেম
- ব্যক্তিগত ঔষধপত্র
- ফার্স্ট এইড কিট
- ব্যাটারী দিয়ে চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারী
- ক্যান ওপেনার
- ম্যাচ বক্স
- অগ্নি নির্বাপক
- ওয়েলিংটন বুটস্, রাবারের গ্লোভস্ এবং ওয়াটারপ্রুফ পোশাক-পরিচ্ছদ

আপনার ঘরের ইন্সুর্যান্স পর্যাপ্ত পরিমাণে রাখার বিষয়ে নিশ্চিত থাকবেন এবং প্রয়োজনীয় কাগজপত্র সতর্কতার সঙ্গে রাখবেন যাতে আগুন বা বন্যার পানি ইত্যাদিতে এগুলো নষ্ট না হয়।

আপনার ঘরের বিভিন্ন সরবরাহ যেমন পানি, বিদ্যুৎ বা গ্যাস এর লাইন কোথায় বন্ধ করতে হয় তা জেনে রাখবেন যাতে জরুরী অবস্থাতে প্রয়োজন হলে আপনি এগুলোর সংযোগ বিচ্ছিন্ন করতে পারেন।

আপনার নিজের বা আপনার পরিবারের কোন সদস্যের যদি স্বাস্থ্যগত কোন সমস্যার কারণে সব সময়ের জন্য পানি, গ্যাস বা বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন থাকে, তবে আপনি সংশ্লিষ্ট কোম্পানীর সঙ্গে যোগাযোগ করে আপনার বিশেষ চাহিদার (স্পেশাল নীডস্) বিষয়ে নাম নিবন্ধন করতে পারেন। উদাহরণ হিসেবে বলা যায় ডায়ালাইসেস্ করার জন্য আপনার হয়তবা সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন থাকতে পারে। কিভাবে নাম নিবন্ধন করতে হয় তা আপনার ইউটিলিটি বিলে উল্লেখ আছে।

## আপনাকে যদি আপনার ঘর ছেড়ে চলে যেতে হয়

সবচেয়ে ভাল হয় যদি নিম্নোক্ত জিনিসগুলো একটি ব্যাগে প্যাক করে রাখা হয়, অথবা অন্ততঃপক্ষে একটি ব্যাগ প্রস্তুত রাখবেন এবং ঝটপট করে নিম্নোক্ত আইটেমগুলো ব্যাগে পুরে নিবেন:

- আপনার প্রয়োজন পড়তে পারে এমন ধরনের যেকোন ঔষধপত্র
- চশমা বা কনট্যাক্ট লেন্সসমূহ
- ফার্স্ট এইড কিট
- ঘর এবং গাড়ীর চাবি সহকারে প্রয়োজনীয় চাবিসমূহ
- ক্যাশ, ক্রেডিট এবং ডেবিট কার্ডস্ এবং অন্যান্য ছোটখাটো প্রয়োজনীয় আইটেমসমূহ যোগুলো রেখে গেলে নিরাপদে থাকবে না



- পাসপোর্ট এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র
- অতিরিক্ত পোশাক-পরিচ্ছদ, জুতা এবং ঘুমের কাপড়
- হাত-মুখ ধোওয়া শেইভ করা এবং সেনেটারী সরঞ্জামসমূহের সরবরাহ
- শিশু, বাচ্চা, বয়োবৃদ্ধ এবং প্রতিবন্ধী লোকদের জন্য প্রয়োজনীয় বিশেষ জিনিষপত্র
- টর্চ, খুব ছোট রেডিও, এবং ব্যাটারী
- মোবাইল ফোন এবং চার্জার
- উপযুক্ত খাবার ও পানীয় এবং ক্যান ওপেনার ইত্যাদি সঙ্গে নেয়া

### গাড়ীর জন্য

আপনার গাড়ীতে একটি জরুরী অবস্থার জন্য প্রয়োজনীয় সরবরাহের একটি কিট রেখে দেয়া ভাল হবে যাতে আপনি কোন জরুরী অবস্থার সন্মুখীন হলে (যেমন: দুর্ঘটনাপূর্ণ আবহাওয়া) বা আপনার গাড়ীটি হটাৎ করে রাস্তায় বিকল হয়ে পড়লে এটা কাজে লাগবে।

### সারা বছরের জন্য

- বোতলে করে পানি
- অনেক দিন ভাল থাকে এমন ধরনের হালকা খাবার
- ফার্স্ট এইড কিট
- টর্চ এবং অতিরিক্ত ব্যাটারী
- মোবাইল ফোন এবং সিগার প্লাগ লীড চার্জার
- প্রয়োজনীয় টেলিফোন নম্বরসমূহের একটি তালিকা
- আই সি ই (ইন কেইস অব ইমার্জেন্সী) ওয়ালেট

### শীতের মাসগুলোতে অতিরিক্ত জিনিষপত্র

- একটি বা একাধিক কম্বল
- ওয়াটারপ্রুফ কোট এবং গরম জাতীয় হ্যাট
- ওয়েলিংটন/ওয়াটারপ্রুফ বুটস্
- অতিরিক্ত মোটা জাতীয় মোজা
- শোভেল (বেলচা)
- গ্লাভস্ (হাতে পরার দস্তানা)

## জরুরী অবস্থাতে (ইন কেইস অব ইমার্জেন্সী - আই সি ই)

প্রতি ১০ জনের মধ্যে আটজন লোক তারা দুর্ঘটনার শিকার হলে যেসব বিষয়ে তথ্যাদির প্রয়োজন পড়বে সেগুলো সঙ্গে রাখে না।

আপনার ঘনিষ্ঠতম আত্মীয়ের (নেক্সট অব কীন) নাম ও ঠিকানা আপনার মোবাইল ফোনে টাইপ করে রাখা, বা এটা আপনার ওয়ালেট বা পার্সে করে সঙ্গে রাখলে জরুরী অবস্থাতে কার সঙ্গে যোগাযোগযোগ করতে হবে তা আপনি বলতে না পারলে এটা তখন সাহায্য করে।

আই সি ই হচ্ছে 'ইন কেইস অব ইমার্জেন্সী' এর সংক্ষিপ্ত রূপ: আপনি কোন একটি দুর্ঘটনার সন্মুখীন হলে ইমার্জেন্সী সার্ভিস্ এই বিষয়গুলো দেখবে।

আপনি কোন জরুরী অবস্থার সন্মুখীন হলে যে ব্যক্তির সঙ্গে যোগাযোগ করতে হবে তার নাম আপনি যদি মোবাইল ফোন বুক স্টোর করে রাখেন, তবে উক্ত ব্যক্তির নামের সন্মুখে আই সি ই অক্ষরগুলো লিখে রাখবেন। তবে এটা নিশ্চিত হবেন, যে ব্যক্তির নাম ও ফোন নম্বর আপনি দিতে চান তিনি যেন আপনার 'আই সি ই পার্টনার' হতে সন্মত থাকেন। আপনি আরও নিশ্চিত করবেন যেন আপনার পক্ষ হয়ে যেসব লোকের সঙ্গে যোগাযোগ করতে হবে তাদের নামের একটি তালিকা আই সি ই পার্টনারের কাছে থাকে।

আপনার যদি একটি মোবাইল ফোন না থাকে এবং এই তথ্যাদি একটি কাগজে লিখে আপনার ওয়ালেট বা পার্সে রাখতে চান তবে

[www.birminghamprepared.gov.uk](http://www.birminghamprepared.gov.uk) এই ওয়েবসাইটে একটি ফর্ম পাবেন অথবা 'বার্মিংহাম রিজিলিয়েন্স টিম' এর সঙ্গে 0121 303 4825 এই নম্বরে যোগাযোগ করবেন।

## বন্যা হতে পারে এমন স্থানে বসবাস করলে

আপনি যদি বন্যা হতে পারে এমন একটি স্থানে কিংবা এর নিকটবর্তী কোন স্থানে বসবাস করেন তাহলে 'ন্যাশনাল ফ্লাড ফোরাম' এর কাছ থেকে আপনি পরামর্শ ও তথ্যাদি পেতে পারেন। এই ফোরামটি বন্যায় আক্রান্ত বা বন্যায় আক্রান্ত হবার ঝুঁকিতে রয়েছেন এমন সব কমিউনিটি বা ব্যক্তি বিশেষকে সমর্থন, বুদ্ধি-পরামর্শ এবং প্রয়োজনীয় সাহায্য-সহায়তা প্রদান করেন যাতে তারা ক্ষতিগ্রস্ত অবস্থাতে নিজেদেরকে খাপ খাইয়ে নিতে পারেন।

ওয়েবসাইটটির নাম এই প্রচারপত্রটির পিছনের পৃষ্ঠাতে 'তথ্যের অন্যান্য উৎস' শিরোনামের বিভাগটিতে দেয়া হয়েছে।

## সিটি সেন্টারে যদি বসবাস বা কাজ করেন

বার্মিংহাম সিটি সেন্টারে কোন জরুরী ভিত্তিতে লোকজনকে সরিয়ে নিতে হলে যেমন: ৯ই জুলাই ২০০৫ইং তারিখের ঘটনার মত কিছু ঘটলে কি করতে হবে সে বিষয়ে পরিকল্পনা প্রস্তুত করতে বার্মিংহাম সিটি কাউন্সিল গত কয়েকমাস ধরে ইমার্জেন্সী সার্ভিস্ এবং অন্যান্য বিভিন্ন সংস্থার সঙ্গে একযোগে কাজ করছে।

একটি গুরুত্বপূর্ণ উন্নতি হচ্ছে জনসাধারণকে সতর্কীকরণ এবং তথ্যাদি দেয়ার জন্য ওয়েস্ট মিডল্যান্ডস্ পুলিশ এর সঙ্গে অংশীদারত্বের মাধ্যমে একটি পদ্ধতির উন্নয়ন ঘটেছে। আরও বিস্তারিত তথ্যাদির জন্য [www.birminghamalert.co.uk](http://www.birminghamalert.co.uk) এই ওয়েব সাইটটি দেখুন।



## জরুরী অবস্থা মোকাবিলার জন্য আপনার নিজস্ব পরিকল্পনাসমূহ

### জরুরী অবস্থার জন্য আপনার নিজস্ব পরিকল্পনাসমূহের প্রস্তুতি

এমনকি একটি সহজ পরিকল্পনা প্রস্তুত করা হলেও তা আপনাকে নিশ্চিত করবে যে, আপনি এবং আপনার পরিবারের সদস্যগণ একটি জরুরী অবস্থাতে কর্মক্ষমভাবে সাড়া দিতে পারছেন। সবার পারিপার্শ্বিক অবস্থা ভিন্ন তাই পরিকল্পনাগুলো যাতে চাহিদা অনুযায়ী করা হয় তা গুরুত্বপূর্ণ। ব্যক্তিগত এবং পারিবারিক পরিকল্পনাসমূহের কিছু উদাহরণ 'বার্মিংহাম রিজিলিয়েন্স টিম' এবং ওয়েবসাইট থেকে পেতে পারেন।

#### আপনার যা করা উচিতঃ

- আপনার ইমার্জেন্সী প্ল্যানে কি কি বিষয় অন্তর্ভুক্ত করা উচিত সে বিষয়ে আপনার পরিবারের সদস্যদের সঙ্গে আলাপ করা
- কি কি বিপদ ঘটতে পারে এবং প্রতিটি থেকে বাঁচার জন্য আপনি কি করতে পারেন সে বিষয়ে ভেবে রাখা
- একটি জরুরী অবস্থাতে কি করতে হবে তা যেন আপনার পরিবারের প্রতিটি সদস্য জানেন তা নিশ্চিত করা

- একটি জরুরী অবস্থা ঘটলে আপনারা যাতে একে অন্যের সঙ্গে দেখা করতে পারেন তার জন্য বেশ কয়েকটি স্থানের নাম নির্দিষ্ট করে রাখা:

- প্রথমতঃ যদি স্থানীয়ভাবে কোন অগ্নিকাণ্ড ঘটে তবে আপনার ঘরের কাছাকাছি কোন একটি স্থান নির্দিষ্ট করবেন।
- দ্বিতীয়তঃ বড় ধরনের এলাকা থেকে লোকজনদেরকে অপসারণ করে নেয়া হলে আপনার পাড়ার বাইরে দু'টি স্থান নির্দিষ্ট করে রাখবেন। দু'টি স্থান নির্দিষ্ট করে রাখা হলে আপনার বন্ধু-বান্ধব এবং পরিবার-পরিজনদের জন্য বিকল্প স্থানে জমায়েত হবার সুবিধা থাকবে কারণ কেউ যদি কোন হলিডে বা ব্যবসায়ের কারণে ছুঁতে কোথাও থাকে

- পরিবারের সকল সদস্যদের অবশ্যই জানতে হবে কোন নম্বরে যোগাযোগ করতে হবে এবং কোন স্থানে জমায়েত হতে হবে
- আপনার কর্মস্থলে এবং আপনার ঘরের আশেপাশের ভবনগুলোর জন্য কি ধরনের জরুরী অবস্থার পরিকল্পনা আছে তা খোঁজ নিবেন। জরুরী অবস্থা মোকাবিলা করার জন্য আপনার বাচ্চাদের স্কুলে কি পরিকল্পনা রয়েছে তা জেনে নিবেন এবং এরূপ একটি অবস্থাতে আপনার বাচ্চাদের সঙ্গে কিভাবে মিলিত হবেন তা নিশ্চিত হবেন
- আপনি হলিডেতে গেলে এবং জরুরী কোন বিপর্যয় ঘটলে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাাদি এতে অন্তর্ভুক্ত করবেন
- গ্যাসহোল্ডার্স, রাসায়নিক প্ল্যান্ট বা যেসব এলাকা বন্যায় আক্রান্ত হতে পারে সেগুলোর জন্য বিশেষ ধরনের ইমার্জেন্সী প্ল্যান বা জরুরী অবস্থা মোকাবিলা করার জন্য পরিকল্পনা থাকতে পারে। তারা কি বলে এবং আপনি এগুলোতে কিভাবে ক্ষতিগ্রস্ত হতে পারেন সে বিষয়ে খোঁজ নিন। সতর্ক করে দেয়া হলে আপনাকে কি করতে হবে সে বিষয়ে ভালভাবে জেনে রাখবেন

## জরুরী অবস্থায় পরিকল্পনার বিষয়ে এই প্রচারপত্রটিতে সাধারণ তথ্যাদি দেয়া হয়েছে

বিশেষ ধরনের জরুরী অবস্থার জন্য যেমন: মারাত্মক আবহাওয়াগত বিপর্যয়, বিপজ্জনক কোন রাসায়নিক দ্রব্যাদি নির্গত হলে, বোমা ফাটলে, ইত্যাদি এবং কোন জরুরী অবস্থা ঘটে গেলে উক্ত অবস্থাতে আপনার ব্যবসায়িক কাজকর্ম চালিয়ে যাওয়ার জন্য 'বার্মিংহাম রিজিলিয়েন্স টিম' এর কাছ থেকে ' **0121 303 4825** এই নম্বরে ফোন করে কিংবা [www.birminghamprepared.gov.uk](http://www.birminghamprepared.gov.uk) এই ওয়েবসাইটটি থেকে তথ্য সংগ্রহ করবেন।



## একটি জরুরী অবস্থাতে

জরুরী অবস্থাতে কিভাবে সাড়া দিতে হবে সে বিষয়ে সহায়ক হয় যদি কি ঘটছে তা জানা যায়। তবে কখনও কখনও এটা সম্ভব হয় না। সুতরাং আপনার পরিকল্পনাটি কাজ করার সুবিধার্থে পর্যাপ্তভাবে নমনীয়তা থাকতে হবে, বিশেষ করে আপনি যখন জানেন না সত্যিকারভাবে কি ঘটছে।

**শান্ত থাকুন - ধৈর্যের পরিচয় দিন -  
গুরুত্বপূর্ণ বিষয়াবলী নিয়ে প্রথমে  
কাজ করুন!**

- জখম হওয়া যেকোন লোকের দেখাশোনা প্রথমে করবেন অবশ্য যদি তা করা নিরাপদ হয়, বিদ্যুৎপিষ্ট হয়ে কেউ আহত হলে প্রথমে বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন করবেন। বিনষ্ট বৈদ্যুতিক তারের কাছাকাছি যাবেন না
- ম্যাচ বক্স ব্যবহার করবেন না কারণ গ্যাস সার্ভিস নষ্ট হতে পারে। আপনি যদি গ্যাসের গন্ধ পান তাহলে মেইন ভাঙ্গটি অফ করে দিবেন, জানালা খুলে দিবেন এবং সকলকে অবিলম্বে বাইরে একটি নিরাপদ স্থানে চলে যেতে বলবেন
- আগুন লেগে যাওয়ার বা অন্য কোন বিপদ ঘটার আশঙ্কা আছে কি না তা পরীক্ষা করে দেখবেন যেমন: গৃহস্থালী কাজে ব্যবহার করা

হয় এমন ধরনের রাসায়নিক বা অন্য কোন দাহ্য তরল পদার্থ পড়েছে কি না তা পরীক্ষা করে দেখবেন তবে এর জন্য উপযুক্ত গ্লাভ (দস্তানা) ব্যবহার করতে হবে

- আপনার প্রতিবেশীগণ ঠিক আছেন কি না তা পরীক্ষা করে দেখবেন বিশেষ করে যদি কোন প্রতিবন্ধী থাকে

**আপনার পরিকল্পনাটি বাস্তবায়িত করা**

- টিভি দেখুন বা রেডিও শুনুন যাতে আপনি সংবাদ এবং তথ্যাদি পেতে পারেন, বিশেষ করে কি করতে হবে সে বিষয়ে নির্দেশনা জানতে। প্রতিবেশী এবং বন্ধু-বান্ধবদের নিকট তথ্যাদি পৌঁছাবেন বিশেষ করে তারা শ্রবণ বা দৃষ্টিশক্তি প্রতিবন্ধী হলে।
- ঘরের দরজা জানালা বন্ধ করে হয়ত ঘরে বসে বসে টেলিভিসন দেখতে বা রেডিও শোনার জন্য পরামর্শ দেয়া যেতে পারে



- আপনাকে যদি ট্র্যাভেল করতে হয়, তবে চেষ্টা করবেন সবচেয়ে বেশী নিরাপদ রুট কোনটি তা বের করতে এবং পরিবারের অন্যান্য সদস্যদেরকে জানাবেন আপনি কোথায় যাচ্ছেন, আপনি কিভাবে ট্র্যাভেল করবেন এবং কোন রুটে আপনি যাবেন। আপনার ঘরে একটি নোট লিখে রেখে যাবেন আপনি কোথায় যাচ্ছেন
- প্রটেকটিভ বা যথোপযুক্ত পোশাক এবং জুতা পরে নিবেন বিশেষ করে আবহাওয়া যখন খুব বৈরী অবস্থাতে থাকে
- যদি সম্ভব হয় আপনার পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করার নম্বরে ফোন করবেন যাতে তারা জানতে পারেন কি কি ঘটনা ঘটছে
- আপনার সঙ্গে আপনার গৃহপালিত জীব-জন্তু না নিলে সেগুলো যেন নিরাপদে থাকে তা নিশ্চিত করবেন
- আপনার সকল জরুরী অবস্থার সাজ-সরঞ্জামের 'কিট' একত্র করবেন (৩-৬নং পৃষ্ঠাতে অগ্রিম প্রস্তুতি দেখুন) এবং আপনার শনাক্ত করা জমায়ের স্থানের উদ্দেশ্যে যাত্রা শুরু করার প্রস্তুতি নিন। তা সম্ভব না হলে ইমার্জেন্সী সার্ভিস বা লোকাল অথরিটি যে স্থানে জমায়ের জন্য পরামর্শ দেন সে স্থানের উদ্দেশ্যে রওয়ানা করুন

### যদি নিরাপদ মনে করেন তাহলে যাত্রা শুরুর পূর্বে নিম্নোক্ত বিষয়াবলী নিশ্চিত করবেন:

- বিভিন্ন ইউটিলিটি যেমন: পানি, গ্যাস এবং ইলেকট্রিসিটি সংযোগ অফ করা তবে শুধুমাত্র আপনি যদি মনে করেন সাপ্লাই ক্ষতিগ্রস্ত হয়েছে বা ইমার্জেন্সী সার্ভিসেস্ যদি আপনাকে তা করতে পরামর্শ দিয়ে থাকে তবেই তা করবেন
- আপনার প্রপার্টিটি এবং এর আঙ্গিনা তালাবন্ধ করে দেয়া
- প্রয়োজনীয় ঔষধপত্র সঙ্গে আনা
- স্মরণ রাখবেন, অগ্নিকাণ্ড, বিপ্পোরনে আক্রান্ত কোন ভবনে একাকী প্রবেশ করবেন না যতক্ষণ পর্যন্ত না একজন সার্ভেয়ার বিষয়টি মূল্যায়ন না করে

## ছুরে চলে যাওয়া

- একটি বিপদজনক এলাকাতে চলে আসতে বা এরূপ একটি স্থান ছেড়ে যেতে সাবধানতা অবলম্বন করবেন
- আপনার পরিবারের লোকজনের গ্রুপ বা বন্ধু-বান্ধবদের সঙ্গে একত্রে থাকবেন।
- বন্যায় আক্রান্ত স্থানে দ্রুত স্রোত বয়ে যায় এমন বা গভীর পানিতে হেঁটে বা গাড়ীতে চড়ে প্রবেশ করবেন না।
- আপনি আপনার পরিবার বা বন্ধু-বান্ধবের সঙ্গে থাকিলে আপনার একজন প্রতিবেশীকে আপনি কোথায় আছেন তা জানাতে চেষ্টা করবেন

## অন্যদের চাহিদাসমূহের বিষয়ে অবগত থাকবেন

- একটি জরুরী অবস্থাতে প্রতিবন্ধী লোকদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অপেক্ষাকৃত বেশী সময় লাগতে পারে। সহায়তা করার জন্য প্রস্তুত থাকবেন
- কানে শুনতে বা চোখে দেখতে সমস্যায় ভুগছে এমন ধরনের লোকেরা হয়ত সতর্কতা সঙ্কেত বুঝতে পারবে না এ বিষয়টি আপনি অবগত থাকবেন। প্রয়োজনীয় ক্ষেত্রে সাহায্য করার জন্য বলতে পারেন

- বিপদজনক অবস্থাতে দায়িত্ব পালনকারী জীব-জন্তু যেমন: গাইড ডগ হতভম্ব হয়ে পড়তে পারে; প্রয়োজন হলে এ ক্ষেত্রেও সাহায্য করতে পারেন
- হুইলচেয়ার র‍্যাম্পস্ হয়তবা ব্যবহার উপযোগী নাও থাকতে পারে; যাদের সাহায্যের প্রয়োজন তাদের জন্য বিকল্প কোন ব্যবস্থা দেখবেন
- অন্যদেরকে কিছু বুঝতে দেয় না বা যাদের শ্বাস কষ্ট বা অন্য কোন সমস্যা আছে তাদেরকে সাহায্য-সহায়তা করার জন্য প্রস্তুত থাকবেন
- কিছু কিছু লোক আবেগিক চাপে ভুগতে পারেন এই বিষয়ে অবগত থাকবেন এবং এসব লোকদেরকে সাহায্য-সহায়তা করতে পারে এমন লোকদের যেমন স্থানীয় ডাক্তার, ফেইথ কমিউনিটি প্রতিনিধিবর্গ, সালভেশান আর্মি সদস্য বা ব্রীটিশ রেড ক্রস্, বিফ্রেন্ডার এর নিকট তাদেরকে পাঠাতে নির্দেশনা দিবেন
- এটাও অবগত থাকবেন যে, সকলের প্রথম ভাষা ইংরেজী নাও হতে পারে সুতরাং তাদেরকে এমন কারও নিকট পাঠাতে চেষ্টা করবেন যিনি তথ্যাদি অনুবাদ করে সহায়তা করতে পারেন।



## জরুরী অবস্থাতে খাপ খাইয়ে চলা



- বিপদ কেটে গেছে আওয়াজ না পাওয়া পর্যন্ত বা আপনাকে অন্য কোন পরামর্শ না দেয়া পর্যন্ত ঘরের ভিতরে অপেক্ষা করবেন।
- আপনার ফোনটি ব্যবহার করবেন না; শুধুমাত্র জরুরী অবস্থাতে ব্যবহারের জন্য ফোন লাইনটি খোলা রাখবেন।



- জানালা এবং দরজা বন্ধ করে রাখবেন এবং এগুলো থেকে দূরে থাকবেন।
- শান্ত অবস্থায় থাকবেন এবং পরবর্তী নির্দেশের অপেক্ষায় থাকবেন।
- স্কুলে যেসব বাচ্চারা হাজিরা দিয়েছে তাদেরকে সেখানে দেখাশুনা করা হবে।



- আরও বিস্তারিত তথ্যাদি/নির্দেশনার জন্য স্থানীয় প্রচার মাধ্যম শুনবেন।
- ঘর ছেড়ে যেতে পরামর্শ দেয়া হলে যে পথে বের হয়ে যাওয়ার জন্য নির্দেশনা দেয়া হয় তা অনুসরণ করবেন কারণ কোন কোন পথ বন্ধ বা বিপদজনক হতে পারে।

হেল্প লাইন ফোনে কি বলে তা শুনুন এবং সেগুলো লিখে রাখবেন। একটি জরুরী অবস্থাতে [www.birminghamprepared.gov.uk](http://www.birminghamprepared.gov.uk) এই ওয়েব সাইটটিতে ইনসিডেন্ট বুলেটিন বোর্ডে সর্বশেষ অবস্থা জানানো হবে।

একটি জরুরী অবস্থা ঘটলে বার্মিংহাম সিটি কাউন্সিল ইমফরমেশান লাইন খোলা হবে। এই এ্যাডভাইস লাইনের মাধ্যমে জরুরী অবস্থার কারণে ক্ষতিগ্রস্ত কমিউনিটিসমূহকে বিভিন্ন তথ্যাদি প্রদান করা হবে।

## স্থানীয় রেডিও স্টেশনসমূহ:

বিবিসি রেডিও ডব্লিও এম  
৯৫.৬ এফএম;

বিবিসি এশিয়ান নেট ওয়ার্ক  
১৪৫৮ এবং ৮২৮ এ এম;

হার্ট এফ এম  
১০০.৭ এফ এম;

বি আর এম বি  
৯৬.৪ এফ এম;

গ্যালাক্সি  
১০২.২ এফ এম;

রেডিও এক্স এল  
১২৯৬ এ এম;

স্মুথ  
১০৫.৭ এফ এম

গবেষণায় জানা যায় যে, যেকোন শোকাবহ ঘটনা ঘটলে মানুষ আতঙ্কিত, ভীত, হুঁচিলাভুক্ত, বিষন্ন এবং ছুঁখ ভারাক্রান্ত হয়ে পড়ে। একটি জরুরী অবস্থাতে এ ধরনের অনুভব করা খুবই স্বাভাবিক।

## এটা সুপারিশ করা হয়

- আপনি যেন শান্ত এবং নিয়ন্ত্রণের ভিতরে থাকেন
- সম্ভাব্য ক্ষেত্রসমূহে আপনার পরিবারের সদস্যদেরকে একত্রে রাখবেন
- আপনি এবং আপনার পরিবারের লোকজন কি কি ব্যবহারিক কাজে সাহায্য সহায়তা করতে পারেন সে বিষয়ে আলোকপাত করবেন।
- আরও বেশী মানসিক না ভেঙ্গে পড়তে সহায়তার জন্য পালাক্রমে প্রচার মাধ্যম শুনবেন বা দেখবেন।



13

# ইমার্জেন্সী সার্ভিসেস্ এবং সিটি কাউন্সিলের ভূমিকা

## ইমার্জেন্সী সার্ভিসেসের দায়িত্বাবলী

অন্ততঃ পক্ষে প্রাথমিক অবস্থাতে ইমার্জেন্সী, বা যেসব গাড়ীতে ব্লু লাইট ফ্ল্যাশ করা হয় তাদের বড় ধরনের ভূমিকা থাকে জরুরী অবস্থাটিতে সাড়া দেয়ার ব্যাপারে। উদ্ধার কাজের দায়িত্ব প্রধানতঃ সিটি কাউন্সিলের উপর থাকে।

## ওয়েস্ট মিডল্যান্ডস্ পুলিশ

এর একটি দায়িত্ব হচ্ছে জীবন রক্ষা করা এবং ইমার্জেন্সী সার্ভিসেস্ এবং অন্যান্য এজেন্সীসমূহের সঙ্গে সমন্বয় সাধনের দায়িত্বও তাদের উপর ন্যাস্ত।

## ওয়েস্ট মিডল্যান্ডস্ ফায়ার সার্ভিস্

কোন অগ্নিকান্ড ঘটলে শুধু জীবন ও ঘরবাড়ী রক্ষা করাই এদের দায়িত্ব নয় বরঞ্চ সেক্রেটারী অব স্টেট কর্তৃক নির্দেশিত অন্যান্য বিভিন্ন জরুরী অবস্থাতে তারা নিজেদেরকে নিয়োজিত করে যেমন:

মহাসড়কে কোন দুর্ঘটনা ঘটলে, কোথায়ও প্লাবন দেখা দিলে ইত্যাদি। তাদের দায়িত্বের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে খোঁজ, উদ্ধার এবং লোকজনদেরকে রক্ষা করা। অনেক ধরনের দুর্ঘটনা বিষয়ে কাজ কর্ম করার জন্য ফায়ার সার্ভিস্ সুসজ্জিত থাকে, যেমন: কোন রাসায়নিক দ্রব্যাদি পড়ে কোন দুর্ঘটনা ঘটলে, দূষিত হয়ে গেলে তা পরিশুদ্ধ করা ইত্যাদি।

## ওয়েস্ট মিডল্যান্ডস্ এ্যাম্বুল্যান্স সার্ভিস্

এর একটি দায়িত্ব হচ্ছে উপযুক্ত চিকিৎসা প্রদানের জন্য বিভিন্ন রিসোর্স সঠিকভাবে প্রদান করা এবং দুর্ঘটনার শিকারদেরকে বহন করা।

## বার্মিংহাম সিটি কাউন্সিলের দায়- দায়িত্ব

‘বার্মিংহাম রিজিলিয়েন্স টিম’-এর প্রধান ভূমিকা হল যেকোন বড় ধরনের দুর্ঘটনায় যাতে বার্মিংহাম সিটি কার্যকরভাবে সাড়া দিতে পারে এবং এ থেকে যথাশীঘ্র সম্ভব কেটে উঠতে পারে তা নিশ্চিত করা।





বড় ধরনের কোন দুর্ঘটনায় বার্মিংহাম সিটি কাউন্সিলের তিনটি প্রধান লক্ষ্য থাকে:

- দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত কমিউনিটিকে সাহায্য-সমর্থন প্রদান
- দুর্ঘটনাটিতে সাড়া দেয়ার অংশ হিসেবে ইমার্জেন্সী সার্ভিসেস্কে সাহায্য-সমর্থন প্রদান
- সম্ভাব্য ক্ষেত্রে স্বাভাবিক সার্ভিসগুলোকে কর্মক্ষম রাখা

এসব লক্ষ্য অর্জনের জন্য বার্মিংহাম সিটি কাউন্সিল বেশ কয়েকটি সার্ভিস প্রদান করে যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- তাৎক্ষণিকভাবে অস্থায়ী আশ্রয়
- অস্থায়ী বসবাসের ব্যবস্থা
- দুর্ঘটনার শিকার, তাদের পরিবার-পরিজন এবং বন্ধু-বান্ধবদের জন্য আবেগিক/ক্রাইসিস সাপোর্ট এর ব্যবস্থা

- তথ্যাদি প্রদান এবং প্রচার মাধ্যমকে সাপোর্ট প্রদান যাতে হেল্প লাইন্স এবং দোভাষীর সেবাও অন্তর্ভুক্ত রয়েছে
- যানবাহনের (ট্রান্সপোর্ট) ব্যবস্থা
- রাস্তা বন্ধ করা এবং বিকল্প রাস্তার নির্দেশনা
- বিল্ডিং ব্যবহারে নিরাপত্তা বিষয়ক পরিদর্শন
- আবর্জনার স্তুপ অপসারণ করা, রাস্তার পয়োনালী পরিষ্কার করে দেয়া ইত্যাদি।
- অস্থায়ী মূর্দাঘরের (শব রাখার কক্ষ) ব্যবস্থা করা

সিটি কাউন্সিল ইমার্জেন্সী সার্ভিসেস্ এবং স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ সহকারে অন্যান্য বেশ কিছু সংস্থার সঙ্গে খুব ঘনিষ্ঠভাবে কাজ করে যাতে বিভিন্ন পরিকল্পনা অনুযায়ী কাজ করা যায় এবং এগুলোর ব্যাপারে আপডেইট করা যায় যাতে এটা নিশ্চিত করা যায় যে, জরুরী অবস্থা মোকাবিলা করার জন্য সম্পদসমূহ ব্যবহার করা হয়েছে। স্টাফদেরকে যথোপযুক্তভাবে ট্রেনিং প্রদান করা হয় এবং তারা তাদের নিজ নিজ ভূমিকা ও দায়-দায়িত্ব পালন করে।



## সাধারণ নিরাপত্তামূলক ব্যবস্থা

নিম্নে কিছু সাধারণ নিরাপত্তামূলক ব্যবস্থার একটি তালিকা দেয়া হল যেগুলো আপনাকে বড় বা ছোট ধরনের জরুরী অবস্থাতে নিজেকে প্রস্তুত করতে সাহায্য করবে।

- জরুরী টেলিফোন নম্বরসমূহ (আপনার বিশেষ বিশেষ বন্ধু-বান্ধব এবং আপনার আত্মীয়-সজনের টেলিফোন নম্বর) আপনার টেলিফোন সেট এবং আপনার ওয়ালেট/পার্সের কাছে রাখবেন
- আপনার বাচ্চাদেরকে শিখাবেন কখন এবং কিভাবে ইমার্জেন্সী সার্ভিসসমূহকে (999) ফোন করতে হয়
- পরিবারের সকল সদস্য যেন প্রধান প্রধান সার্ভিস যেমন: পানি, বিদ্যুৎ, গ্যাস মেইনস্ থেকে বন্ধ করতে জানে তা নিশ্চিত করবেন
- আপনার পরিবার, ঘর-বাড়ী, এবং মালামালের জন্য ইন্স্যুর্যান্স কভার পর্যালোচনা করে দেখবেন। আপনার ইন্স্যুর্যান্স কোম্পানীর নাম ঠিকানা এবং তাদের টেলিফোন নম্বর আপনার যোগাযোগের জন্য ফোন নম্বরের তালিকার সঙ্গে রাখবেন
- আপনার ঘরে আগুন জ্বলে এমন কোন সরঞ্জাম থাকিলে আপনার পরিবারের সকলকে তা ব্যবহারের নিয়ম-কানুন পুনরায় স্মরণ করিয়ে দিবেন
- আপনার ঘরের সর্বত্র উপযুক্ত স্থানে ‘স্মোক ডিটেক্টর’ লাগাবেন বিশেষ করে বেডরুমের কাছাকাছি
- আপনার ঘরে সবকিছু রয়েছে এমন ধরনের একটি ফার্স্ট এইড কিট আছে তা নিশ্চিত করবেন। সম্ভব হলে একটি ফার্স্ট এইড কোর্স করবেন।
- আপনার ঘরে এবং গ্যারেজ বা শেডে ঝুঁকিপূর্ণ কোন কিছু থাকলে তা শনাক্ত করবেন। ছুঁচটানা ঘটতে পারে এমন ধরনের কিছু থাকলে তা সরিয়ে ফেলবেন যেমন, ইলেকট্রিক্যাল কোন সরঞ্জাম, এসিটিলিন গ্যাস সিলেভার
- জরুরী অবস্থা ঘটে গেলে আশ্রয়ের জন্য আপনার ঘরে কোন নিরাপদ স্থান থাকিলে তা শনাক্ত করবেন



এগুলো কি ধরনের বিপদ ঘটতে পারে তার উপর নির্ভর করে ভিন্ন ভিন্ন হতে পারে যেমন বন্যা হলে বাড়ীর উচ্চ লেবেলের কোন স্থান

- আপনার পরিবারের অন্যান্য সকলের সঙ্গে বসে একত্রে শনাক্ত করুন বাড়ী থেকে কোন পথে সর্বোত্তম এবং নিরাপদ উপায়ে বের হয়ে যাওয়া ভাল হবে। এই পথটিতে কোন রকমের বাধা-বিপত্তি বা বিপদজনক কিছু যেন না থাকে তা নিশ্চিত করবেন
- আপনার পারিবারিক গাড়ী এবং ঘরের আশেপাশে নির্মিত যেকোন গ্যারেজ, শেড বা দেয়াল ইত্যাদি নিয়মিত রক্ষণাবেক্ষণ করবেন, যেগুলো রক্ষণাবেক্ষণ করা না হলে হয়ত বিপদজনক হয়ে পড়তে পারে
- জরুরী অবস্থাতে সহায়ক হতে পারে এমন যেসব দক্ষতা যেমন ফার্স্ট এইড, 'ইমার্জেন্সী সার্ভিস্ পার্সোন্যাল' ইত্যাদি আপনার পরিবার, প্রতিবেশী এবং বন্ধু-বান্ধবদের রয়েছে সেগুলোর একটি তালিকা প্রস্তুত করবেন
- আপনার সঙ্গে আপনার গৃহপালিত জীব-জন্তু নিতে না পারলে কে এগুলো দেখাশোনা করবে, তাদের সঙ্গে যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বরের একটি লিস্ট সঙ্গে রাখবেন।

## বেসিক ফার্স্ট এইড

আপনি ফার্স্ট এইডের কিছু সাধারণ বিষয় জানলে জীবন রক্ষায় সাহায্য করতে পারবেন। ইমার্জেন্সী সার্ভিসের লোকজন হুর্ঘটনা কবলিত স্থানে পৌঁছার পূর্বে আপনি অবশ্যই সাহায্য করতে পারবেন।

## স্মরণ রাখবেন –

### নিজেকে শান্ত ও নিরাপদ রাখবেন

- লোকজন মারাত্মকভাবে জখম হলে অবিলম্বে ৯৯৯ নম্বরে ডায়াল করবেন
- কারও শরীরের হাড় ভেঙ্গে গেলে তাকে যথাসম্ভব নড়াচড়া না করাতে চেষ্টা করবেন।
- কারও শরীর থেকে খুব বেশী রক্তপাত হতে থাকলে জখমের স্থানে একটি পরিষ্কার ও শুকনো ড্রেসিং দিয়ে চেপে ধরবেন এবং হৃদপিণ্ডের লেবেলের উপরে উঠিয়ে রাখবেন। জখমপ্রাপ্ত ব্যক্তিকে শুইয়ে রাখবেন, তাদেরকে সান্তনা দিবেন, তাদের শরীর উষ্ণ রাখবেন এবং পরিহিত পোশাক আটসেঁটে হলে তা ঢিলা করে দিবেন।

- কারোও শরীর পুড়ে জখম হলে অন্ততঃ পক্ষে ১০ মিনিটের জন্য পানি ঢেলে স্থানটি ঠান্ডা করবেন। জখম স্থানটি ক্লিং ফিল্ম দিয়ে পৌঁচিয়ে রাখবেন - শুকনো ড্রেসিং লাগিয়ে রাখবেন না। এগুলো উষ্ণ রাখবেন।
- কেউ যদি এমনভাবে বেহুস হয়ে পড়ে যে, সে জীবিত আছে বলে কোন লক্ষণ না দেখা যায়, তবে আপনি তার মুখে মুখ লাগিয়ে 'রিসাসাইটেশান' (চেতনা ফিরিয়ে আনা) করতে পারেন যদি তা কিভাবে করতে হয় আপনার জানা থাকে
- আরও বিস্তারিত তথ্যাদির জন্য [www.nhsdirect.nhs.uk](http://www.nhsdirect.nhs.uk) বা [www.redcross.org.uk/firstaid](http://www.redcross.org.uk/firstaid) ওয়েবসাইটটি দেখুন

### স্মরণ রাখবেন –

আপনি কোন জরুরী অবস্থার সঙ্গে জড়িত হয়ে পড়লে নিম্নোক্ত বিষয়াবলী গুরুত্বপূর্ণ:

- কোন লোকজন জখম হলে বা কারও জীবনের উপর আশঙ্কা আছে বলে মনে হলে ৯৯৯ নম্বরে ফোন করা নিশ্চিত করবেন।

- আপনার নিজেকে বা অন্য কাউকে বিপদের সন্মুখীন করবেন না
- ইমার্জেন্সী সার্ভিসেস্ এর দেয়া পরামর্শ মেনে চলবেন
- নিজে শান্ত থাকবেন এবং অন্যদেরকে সান্তনা দিবেন
- নিজে জখম হয়েছেন কি না তা পরীক্ষা করে দেখবেন - অন্যদেরকে সাহায্য করতে যাবার পূর্বে নিজের যত্ন নিবেন।

আপনি একটি দুর্ঘটনায় সরাসরি জড়িত না হলে তবে আপনি এর খুব কাছাকাছি হলে বা আপনারও বিপদ হতে পারে বলে আশঙ্কা করলে অধিকাংশ ক্ষেত্রে পরামর্শ হচ্ছে ঘরের ভিতরে যান এবং ঘরের ভিতরে থাকুন এবং প্রচার মাধ্যমে কান রাখুন।



## তথ্য পাওয়ার অন্যান্য উপকারী উৎসসমূহ

ইমার্জেন্সী সার্ভিসেস্	999
এন এইচ এস ডাইরেক্ট	0845 4647
বার্মিংহাম সিটি কাউন্সিল	
সাধারণ অনুসন্ধানসমূহ	0121 303 9944
সেভার্ন ট্রেন্ট ওয়াটার	0800 783 4444
সাউথ স্ট্যাফোর্ডশায়ার ওয়াটার	0800 24 33 52
গ্যাস ইমার্জেন্সী	0800 111 999
ইলেকট্রিক্যাল ইমার্জেন্সী	0800 328 1111
এনভার্নমেন্টাল এ্যাজেন্সী ফ্লাড লাইন	0845 988 1188
হাইওয়েজস্ এ্যাজেন্সী	0870 066 0115

প্রয়োজনীয় কয়েকটি ওয়েব সাইটের ঠিকানা:

[www.birminghamprepared.gov.uk](http://www.birminghamprepared.gov.uk) ব্যক্তিগত লোকজন এবং পরিবারসমূহকে জরুরী অবস্থার জন্য পরিকল্পনার এবং স্থানীয় ব্যবসায় বানিজ্য চালু রাখার বিষয়ে আরও বিস্তারিত তথ্যাদি প্রদান করা হয়।

[www.Help2Travel.co.uk](http://www.Help2Travel.co.uk) বার্মিংহাম এবং ওয়েস্ট মিডল্যান্ডস্ এলাকায় বাস, ট্রেন, মেট্রো, প্লেন, সড়ক পথে ভ্রমণ, সাইকেল রুটস্, কার পার্কিংয়ের ব্যবস্থা এবং বায়ুর গুণগত মান (এয়ার কোয়ালিটি) এর ব্যাপারে তথ্য প্রদান করে।

[www.preparingforemergencies.gov.uk](http://www.preparingforemergencies.gov.uk) জরুরী অবস্থাতে আপনি নিজেকে এবং অন্যদেরকে কিভাবে সাহায্য-সহায়তা করতে পারেন সে বিষয়ে এই ওয়েবসাইটটিতে উল্লেখ করা হয়েছে। এর অনেক কিছুই সাধারণ জ্ঞান বিষয়ক পরামর্শের উপর ভিত্তিশীল এবং আপনার কাছে মনে হবে এগুলো স্পষ্ট বা খুবই পরিচিত বিষয় কিন্তু এটা অতীতে জীবন বাঁচিয়েছে।

[www.ukresilience.info](http://www.ukresilience.info) এই সরকারী ওয়েবসাইটটি সাধারণ মানুষদের জীবন বাঁচানোর সঙ্গে জড়িত বিভিন্ন প্র্যাকটিশনারদেরকে নানান ধরনের রিসোর্স (সম্পদ) দিয়ে থাকে যারা যুক্তরাজ্যের সব জায়গাতেই জরুরী অবস্থার জন্য প্রস্তুতিমূলক কাজকর্মে সাহায্য-সমর্থন দিয়ে থাকে।

[www.floodforum.org.uk](http://www.floodforum.org.uk) এই ফোরামটি বন্যায় আক্রান্ত হয়েছে কিংবা আক্রান্ত হবার ঝুঁকি রয়েছে এমন ধরনের কমিউনিটি কিংবা লোকজনদেরকে ব্যক্তিগতভাবে পরামর্শ দেয় এবং এর ফলে সৃষ্ট ক্ষয়ক্ষতি মোকাবিলা করার জন্য প্রয়োজনীয় সমর্থন, জ্ঞান এবং সাহায্য-সহায়তা প্রদান করে।

[www.west-midlands.police.uk](http://www.west-midlands.police.uk) এই ওয়েবসাইটটিতে ওয়েস্ট মিডল্যান্ডস্ পুলিশ ফোর্স ২৫ লক্ষ নাগরিককে কিভাবে সেবা প্রদান করে সে বিষয়ে তথ্য দেয়া হয়েছে। এছাড়াও এতে জরুরী অবস্থার জন্য প্রস্তুতি নেয়ার বিষয়ে এবং অপরাধ প্রতিরোধ করার ব্যাপারে পরামর্শ এবং নির্দেশনা দেয়া হয়েছে।

[www.wmfs.net.uk](http://www.wmfs.net.uk) এই ওয়েবসাইটটিতে ওয়েস্ট মিডল্যান্ডস্ ফায়ার সার্ভিস্ ২৫ লক্ষ নাগরিককে কিভাবে সেবা প্রদান করে সে বিষয়ে তথ্য দেয়া হয়েছে। এছাড়াও এতে জরুরী অবস্থার জন্য প্রস্তুতি নেয়া, ফায়ার সেইফটি এবং ব্যবসার কাজ-কর্ম অব্যাহত রাখার ব্যাপারে পরামর্শ এবং নির্দেশনা দেয়া হয়েছে।

বড় অক্ষরে, ব্রেইল বা অডিও টেপে এই তথ্যাদি পেতে  
চাইলে দয়া করে 0121 303 4825 নম্বরে ফোন করুন

আপনার যদি কানে শোনার বা কথা বলার সমস্যা থাকে তবে দয়া করে  
আমাদেরকে টাইপটক ফোনে 18001 0121 303 4825 নম্বরে ফোন করুন।

আপনার চাহিদাসমূহ আমরা দশটি কর্ম দিবসের মধ্যে  
সরবরাহ করার লক্ষ্য রাখি।

টেলিফোন: 0121 303 4825

[www.birminghamprepared.gov.uk](http://www.birminghamprepared.gov.uk)

[info@birminghamprepared.gov.uk](mailto:info@birminghamprepared.gov.uk)

Q33695 ইস্যু করার তারিখ: মে ২০০৮ইং